

# আন্তর্জাতিক র্যাংকিংয়ে দেশের ১৫ বিশ্ববিদ্যালয়

নিম্ন প্রতিবেদক

৯ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ৯ জুলাই ২০১৯ ০১:১৬



## আমাদের মন্তব্য

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন অতিসম্প্রতি জুন মাসে স্পেনের সিগমলা এবং যুক্তরাষ্ট্রের ক্ষোপাস জরিপে আন্তর্জাতিক র্যাংকিংয়ে স্থান করে নিয়েছে ১৫টি বিশ্ববিদ্যালয়। তার মধ্যে খুলনা বিশ্ববিদ্যালয় শীর্ষে। গতকাল সোমবার রাতে সংসদ অধিবেশনে কার্যপ্রণালি বিধির ৭১ বিধিতে উত্থাপিত নোটিশের জবাব প্রদানকালে শিক্ষামন্ত্রী এ তথ্য জানান। সরকারি দলের সংসদ সদস্য নূর মোহাম্মদ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে শিক্ষার মান নিশ্চিতকরণে জরুরি জনগুরুত্বপূর্ণ নোটিশ উত্থাপন করেন।

জবাবে শিক্ষামন্ত্রী বলেন, দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার প্রধান চাবিকাঠি শিক্ষা। বর্তমান সরকার এই খাতকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আসছে। শিক্ষাব্যবস্থার আধুনিকায়নসহ জ্ঞানভিত্তিক অর্থনীতির দেশে পরিগত করার লক্ষ্যে উচ্চ শিক্ষা আর গবেষণার ওপর গুরুত্ব আরোপ করেছে। উচ্চশিক্ষার মানোন্নয়নে সরকার ইতোমধ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার মান যাচাইপূর্বক অ্যাক্রিডিটেশন প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে বাংলাদেশ অ্যাক্রিডিটেশন কাউন্সিল আইন ২০১৭ প্রণয়ন করে এর আওতায় বাংলাদেশ অ্যাক্রিডিটেশন কাউন্সিল গঠন করা হয়েছে।

তিনি আরও বলেন, ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্কের আওতায় বাংলাদেশ অ্যাক্রিডিটেশন কাউন্সিল দেশের সব বিশ্ববিদ্যালয়ের প্রণীত মান অর্জনের বিষয়ে অব্যাহত পরিবীক্ষণ ব্যবস্থা গ্রহণ করবে। ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক শিগগিরই

চূড়ান্ত করা হচ্ছে।

তিনি আরও বলেন, সরকার ২০১৮-২০৩০ মেয়াদি বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। সরকার প্রণীত স্ট্র্যাটেজিক প্ল্যান ফর উচ্চশিক্ষার আওতায় যেসব পরিকল্পনা গ্রহণ করেছে তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে দেশের গুরুত্বপূর্ণ সব বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সংযোগ বৃদ্ধির লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক ডেক্স খোলা।

advertisement